Swamiji explains how the Math grows some essential things it needs such as rice and oil. Oil here is made out of ground nut that’s cultivated in abundance. The Math doesn’t sell or give away its produce; it’s meant for internal consumption only. But Swamiji goes out of his way to make an exception today. He shows his kind gestures to entertain his visitors with tea and snacks and offer them a generous gift – a big bag full of ground nuts. He even offers them free lodging in the Math saying why waste money in a hotel. But the offer is very humbly declined for obvious reasons.

Bidding respectful good-bye to Swamiji, Godadhar along with others move on. Tiruvanamalai is still 45 km away. After only a few kilometers of drive, two hills are seen to suddenly rise over the green plains of Tamil Nadu. The slopes of these hills are strewn with rounded boulders and lumpy rocks in shades of grey and brown. Nestled on these hills – **Kalyan giri** and **Rajagiri** - and enclosed by huge ramparts,

stands a majestic complex, called **Gingee Fort**. Each of these hills has a separate, self-contained citadel. Much of the early history of this Fort is shrouded in mystery. Recorded history only goes back to the Cholas followed by the Nayakas; the latter were under the control of the Vijaynagar Empire. Most of the structures of this Fort were built during the Vijaynagar period. Since then the Fort was occupied by a succession of rulers such as, the Marathas (under the leadership of Shivaji), the Mughals and the French. The French surrendered it to the British in 1761. The courage and valour of the erstwhile rulers were so legendary that Gingee was regarded as the 'Troy of the East'.

It's a considerable height to the top of the fort complex. Along the way, one may come across temples, granaries and a mosque. The most prominent monument is a renovated hall called the Audience Hall. In one of the temples – **Venugopalaswamy Temple** – there is a remarkable sculpture of Lord Krishna playing on his flute, with two of his consorts. A glamorous monument stands tall with 8 storeys, called Kalyan Mahal, having a large hall in each floor.

"How long will it take to see the Fort?" Rajat inquires looking at the driver.

"Sir, it may take a good half-day to climb and walk around in the complex. One may not come across too many tourists, but one is sure to meet with a lot of playful monkeys." The driver doesn't hide his laughter.

Rajat looks at Godadhar curiously with some positive response. A negative nod of Godadhar is enough to dismiss it. The car slowly passes by the **Gingee Fort** toward Tiruvanamalai, while disappointed Rajat looks back to take a final glimpse of the historical fort standing as a glorious crown on the summit of the hill.

### Arunachaleshwara Temple

Tiruvanamalai is a small town at the foot of the Arunachala – also known as Annamalai – hill. It is considered as one of the most sacred towns of India. The town is famous for **Arunachaleshwara Temple**, a huge temple complex dedicated to Lord Shiva. Lord Shiva is popularly known here as Arunachaleshwara.

"There is a very interesting legend about Arunachaleshwara that intrigues me," says Godadhar looking inquisitively at Rajat.

"Tell me."

"There was once a dispute about superiority between Vishnu and Brahma. They went to Lord Shiva looking for a solution to the problem. Shiva appeared as an infinitely long column of fire on the Annamalai hill and asked them to find the beginning and the pinnacle of the column. Vishnu went to find the beginning but came back and admitted His inability to find it. But Brahma didn't want to admit defeat; so He lied and claimed to have found the pinnacle. Shiva punished Brahma for lying and cursed Him saying He will never be worshipped in a temple."

"What's so intriguing about it? It's just another mythological story. Besides, the legend as you narrated comes from the Shaivite School. The Vaishnavites have the same legend with the roles of Shiva and Vishnu reversed."

"What intrigue me are the philosophical, spiritual and mathematical implications of this very simple, just-another-mythological story. Look Rajat, God is supposedly infinite; so it's a clash of infinities. Mathematically, operations involving infinity often lead to indeterminate situations. In the story, infinite Vishnu couldn't fathom God Shiva's infinitude. What Brahma did may be considered as a realistic exit from the impasse for the mortals, exit with a dose of spirituality. And philosophically …"

"Winston Churchill said it best. *Infinity is a riddle wrapped in a mystery inside an enigma*. But enough of it now, stop this and look at the beautiful Annamalai hills."

“And look at the other side; there’s the temple complex with its tall towers.”

It’s almost the end of the day; the Sun has gone beyond the hills. The car passes by the high walls of the temple complex. The resort hotel is only a few kilometers from the temple. Tomorrow will be the big day.



Rajagopuram of Arunachaleshwara Temple

The resort is a wonderful place in this town. It has many residential cottages built in beautiful natural setting. After some well-deserved rest, they go to the dining hall. It’s a pleasant walk along a narrow brick pathway with cottages on both sides. There aren’t too many diners yet in the hall. So they can choose a suitable table in a central place. Kamalika goes to get some munchies from the buffet table. She comes back conversing with a couple.

“Hey folks, let me introduce. Here are Michael and Deborah from Boston.”

Michael is a medical doctor by profession, soft-spoken with a gesture of smile that seems to be permanently stuck on his lips. Deborah on the contrary is a lively lady who does the talking for both of them. They take no time to be part of the team and be intimate giving the impression that they all know each other for a long time. Interestingly, Deborah seems to be very knowledgeable about Indian philosophy. Both of them have dressed up as an Indian couple; Deborah looks pretty in *saree* and Michael so elegant in *kurta*. Another couple approaches the table and introduces themselves.

“Is it the table that being in the centre has become the centre of attraction or the people around it?” Godadhar feels amused by his own soliloquy.

“May we join please?”

“Yes, our pleasure. Please join us, the table is big enough and our heart too,” Godadhar replies with a welcoming chuckle.

Jacques and Louise have come from Quebec City, Canada. And, more the merrier, Martin from Austria also joins in. The big table is now almost filled up. Conversation gradually picks up and in no time gets going in full swing when everyone gladly participates with eagerness and interest. Deborah enlightens others about Arunachaleshwara temple. Martin, a serious devotee of Ramana Maharishi’s Ashram, sits like a silent listener with a solemn face. In an opportune moment, he opens his mouth and talks about the Ashram. He comes here every year and stays for a month or so.

“Do you all know about the legend of *Ardhanarishwara*?” Deborah asks.

“We would love to hear it from you,” responds Godadhar.

“Shiva and His consort Parvati were once having a playful time in their abode *Mount Kailash*. Parvati covered the eyes of Shiva for a moment out of fun. God’s moment is a very long time for the world. So this momentary closure of Shiva’s eyes extinguished all lights of the universe for many years. Parvati realized the consequence of her involuntary misdeed and agreed to do penance in order to revert to the normal situation by appeasing Her Lord. Shiva, thus appeased, appeared as a column of fire on the top of the Annamalai hill to light up the universe afresh. Shiva then merged with Parvati and became *Ardhanarishwara* (half male and half female). This legend is very intriguing and I’m amazed by it. The *Ardhanarishwara* symbol represents the complete God form.”

“Intriguing it is,” says Godadhar. “This form represents *Shiva-Shakti*, meaning the absolute, invariant, timeless, omnipotent entity (Shiva) merged with the totality of the created universe (Parvati). Kapil Muni’s *Samkhya Darshan* has a similar concept – *Purush* and *Prakriti*. Scientifically the Big Bang Theory may be interpreted in this line; but I wouldn’t go that far.”

“I see Deborah, you have incredible knowledge and understanding about Hindu mythology,” Kamalika says. “You have good respect for it, I guess. It’s very rare even among the Indians. I appreciate.”

“I must confess, my source of knowledge is this gentleman sitting like a holy man, who doesn’t speak unless spoken to.” Deborah is obviously pointing at Michael.

“So Michael is the knowledge tree and you’re its fruit,” Godadhar says jovially. “Looking at Michael, I get the image of something of a solitary figure, seldom without a smile, sitting on the bank of a river with a fishing rod in hand and meditating for the catch of the day. Jokes aside, Michael, you do look very dignified and full of wisdom. Coming back to the concept of the column of fire, let me say that in this temple, God Shiva manifests in the form of *Pancha Bhoota* (Five Elements), importantly in the form of the fire element. This manifestation is celebrated here in a very big way. It’s called *Kartikai Deepam* festival celebrated during Nov.-Dec., when the constellation Pleiades is in conjunction with the full moon.”

“What do they do to celebrate?” asks Louise.

“It’s a 10-day long festival,” Kamalika is enthusiastic to give the details. “A huge lamp is lit in a cauldron containing 2000 liters of ghee (purified butter) and a 30 m long wick atop the hill. The giant column that’s thus set ablaze symbolizes the *Shiva lingam* of fire joining the earth and the sky. It’s like a huge beacon that can be seen from as far as 10 km. But more spectacular is the congregation of the pilgrims. I read in a daily newspaper that in the last celebration as many as a million people came from far and wide to participate in the most important event of the festival. In this event, the devotees circumnavigate the base of the hill on foot while chanting continuously.”

“This is fabulous, hard to believe,” says Godadhar. “Just try to visualize the tide of humanity flooding all roads around a mountain awash in golden light coming from a flame at its top, hear the resonant chanting by a million and smell the scent of burning ghee. You’re sure to get intoxicated with a high dose of spirituality.”

“That’s really incredible,” Louise says in a heavy French accent. She seems to be bewildered.

“We must experience this extraordinary phenomenon, may be in our next visit,” says Jacques.

“I also feel like witnessing it,” says Deborah. Michael silently nods his head; his smile gets a little broader. The great dining conference that happened just by chance thus comes to a point when conversation slows down. It’s time to say good night.

It’s the morning after, the commencement of the big day to visit the much desired Arunachaleshwara temple. The enormous temple complex spreads over an area as large as 25 acres, which is enclosed by a high wall about 4500 ft. (1375 m) long. It’s the largest Shiva temple in India. The only comparison that one can think of is the Vishnu temple in Srirangam, which is also the largest Vishnu temple in India. This

grand temple with the hill in the background and high rampart walls looks like a fort when viewed from a distance.

The driver stops the car at a suitable spot close to the main entrance gate, the eastern gate. The whole area in front of the gate is, as expected, a crowded market place, a common sight near a temple in India. It's busy with traffic, parked vehicles, road-side stalls with shoppers and people on the move. All visitors have to walk through this world of everyday reality in order to enter the temple. Once inside, Godadhar feels bewildered by the fabulous sight.

"The outside world of profanity has evolved into one of purity and holiness inside the temple," he says solemnly while looking at the mind blowing tall Gopurams and hundreds of devotees dressed in holy costumes.

"It's overwhelming," says Rajat.

"I've never seen so many Gopurams in one temple complex," says Kamalika. Rina quietly looks around.



Arunachleshwara Temple (inside)

Construction of this temple was initially accomplished by the Chola dynasty in the 9$^{th}$ Century. Then successive rulers added to the existing structures. These later expansions are attributed to the rulers of Sangama, Saluva and Tuluva dynasties. The temple came under the domination of various empires such as, the Mughals, the French, Tipu Sultan and finally the British. There are 106 stone edicts in this temple bearing testimony.

Arunachaleshwara temple has an impressive array of Gopurams and Mandapams. There are nine Gopurams in all and five *Prakarams* (Precincts). The tallest Gopuram – the Rajagopuram – stands over the eastern gateway. Made of granite, this Gopuram has an astounding height of 66 m and a width of 30 m, and is one of the tall towers of India with record height. The credit of construction of such a Gopuram goes to King Krishna deva Raya of Tuluva dynasty; but it's named after the Hoysala king Ballala who made Tiruvanamalai his Capital. There are three more stately towers on the other three sides and five smaller towers inside the complex. The inside towers connect the precincts of the temple compound. Among the Mandapams, the most spectacular is the one with thousand pillars, which is also constructed by the same famous Krishna deva Raya. The pillars and the towers are all adorned with captivating sculptures.

The architecture of the towers and the Mandapams conforms to the South Indian style. It is interesting to note that even the Hoysalas, who are noted for their adorable fame of architectural skill as seen in Belur, Halibidu and Somnathpur, chose to retain the traditional Dravidian style of Gopuram.

There are many shrines in this temple spread over its five precincts. These shrines house many deities as may be expected. The main shrine of Arunachaleshwara in the first precinct houses a massive lingam that truly inspires spiritual feeling. There are many other deities in this shrine. Behind the sanctum, there is an image of Lord Venugopalaswamy (Krishna).

This temple has 22 idols of Ganapati. One important Ganapati is installed under a *Vakula* tree in the second precinct. Kamalika gets curious to see what's going on in front of one of the pillars. Many devotees are offering prayer to a miniature, palm-size Ganapati installed in a crevice of the pillar. This Ganapati, although tiny in His earthly size, is supposedly very responsive to prayers. In the third precinct, there is a temple for the Goddess Unnamalai, the inseparable consort of Lord Arunachaleshwara. Standing in the middle of a wide open yard, Godadhar looks all around with keen eyes and tries to feel and grasp the immensity of the whole complex standing high with its tall towers.

"This virtuosity, this grandeur, this immenseness, Rajat, is sure to uplift the mentality of any visitor. I see an architectural flare steeped in history and brimming with pride."

"Your versification is second to none," says Rajat glancing at him with eyes rolled on one side meaning some fun and frivolity.

Kamalika and Rina insist on offering a Puja. They are not only undeterred by the long line of devotees, but also pull Godadhar and Rajat along with them. Kamalika asks a priest who happens to be passing by to inquire if there is a shorter line for puja. The priest stops, looks at them and remains silent for a while. Then he says, "Follow me. I've finished my duties, but I will do the puja for you." He directly takes them to the sanctum sanctorum along a different path. Not everybody gets a chance to sit deep inside the *Garbhamandir*. Only a few people can get a place to sit. By grace of this priest, these two couples feel lucky to be there. The priest himself conducts puja for them. After the puja, the priest gladly talks about the temple.



Ramana Maharishi's Ashram

"You should come during the *Kartikai Deepam* festival. Millions of people come to Tiruvanamalai during this time."

"But I'm witnessing kind of a festival right today," says Godadhar. "There're thousands of visitors and many processions with deities."

"This is a daily affair. This temple is especially noted for everyday procession." The priest is in a hurry to leave.

“I can’t thank you adequately enough. You have helped us out of the way and we’ll remember it forever.” The priest goes in his way after exchange of greetings.

“I don’t understand why this priest came from nowhere and helped us,” Rajat says inviting comments.

“Neither do I Rajat; it’s a mystery to me,” says Godadhar glancing at Kamalika and Rina. “May be Lord Shiva was more than eager to receive your puja.”

“I only asked the priest a simple question without expecting any favour, that’s all,” retorts Kamalika.

“Stop you guys, we’ve been lucky to be granted with a boon,” says Rina putting an end to the conversation.

**Ramana Maharishi’s Ashram**


After the exhaustive tour of the temple, it’s probably fair to have some time for rest and relaxation. But the fame of Ramana Maharishi’s Ashram is impossible to ignore. So in the late afternoon they go for a short visit of the Ashram. Located at a short distance from Arunachaleshwara temple, this Ashram is considered as an internationally renowned spiritual centre. Ramana Maharishi performed penance since his young age in the Annamalai hill. He was guided by another great saint, Seshadri Swamigal, who also lived in this area. Ramana attained enlightenment and he too became a great saint. His teaching represents the quintessence of divine wisdom. People came from different parts of the world to listen to his preaching.

The Ashram is a beautiful place set in serene natural surroundings. Aside from spiritual services, it provides a peaceful retreat for the devotees. Martin, Jacques and Louise are seen meditating in the meditation hall. The ambiance here is so pleasant that both mind and body get evolved into an elevated state. Peacocks are roaming freely in the lush green and on the roof tops.

“I ‘m witnessing an international gathering in this Ashram,” says Godadhar. “I guess, they’re getting the ultimate spiritual experience and the right answer they’re seeking.”

# মোটরে উত্তর ভারত

পূরবী বন্দ্যোপাধ্যায়



সেদিন নিজের ঘরে বসে টিভি দেখছি, ''চলো যাই'' বেড়ানোর সিরিয়াল দেখাচ্ছে। দেখতে দেখতে আমার মনটা সেই ছোটবেলায় চলে গেল। আমরা ছোটবেলায় খুব বেড়িয়েছি। সেই ছেঁড়া ছেঁড়া স্মৃতি ভেসে উঠল।

আমার বাবা ইন্ডিয়ান আয়রন ও স্টীল কোম্পানীর একজন বড় অফিসার ছিলেন। আমরা থাকতাম কুলটিতে। আমরা তিন বোন। আমার বাবার খুব বেড়াবার শখ। আমি তখন ক্লাস এইটে পড়ি। বাবা তখন নতুন গাড়ী কিনেছেন। কুলটিতেই আমার বড় মামাও থাকতেন। তিনিও তখন নতুন গাড়ী কিনেছেন। দুজনে মিলে ঠিক করলেন গাড়ী করে সারা উত্তর ভারত ঘোরা হবে। ভাবুন সাহসটা একবার! আমার দুই বোন তখন ছোট ছোট। একজনের দশ বছর আর একটির ছয়। মামার একটি মেয়ে, তার চার বছর। দুজনের দুখানা মরিস মাইনর, ছোট গাড়ি। আমাদের গাড়িতে মা, বাবা ও আমরা তিন বোন। আর মামার গাড়িতে মামা, মামিমা ও ওদের মেয়ে। শুভ দিন দেখে আমরা বেরিয়ে পড়লাম। আমাদের প্রথম বিরতি গয়াতে। এখানে আমরা দুদিন থাকব ভেবেছিলাম। কিন্তু মামার মেয়ের জ্বর হওয়াতে এখানেই তিন-চারদিন দেরী হয়ে গেল। বাচ্চা নিয়ে বেড়ানো বড় ঝামেলার। তখন সেই ডাক্তার-বদ্যি করতে হল। যাই হোক ওরই মধ্যে বোধগয়ার আশে পাশে দ্রষ্টব্য স্থান দেখে নেওয়া হল। পথে আমরা 'সাসারামে' শেরশাহের কবর দেখলাম। আমরা তারপর শোন নদীর তীরে ডালমিয়া নগরে থামলাম। শহরটা নদীর এপারে না ওপারে আমার ঠিক মনে নেই। কিন্তু সেই নদী পার হওয়ার ব্যাপারটা খুব ভাল লেগেছিল। আমরা সব উত্তেজনায় টগবগ করে ফুটছি। ট্রেনের ওপর গাড়ি তুলে নদী পার হওয়া হল। রাত্রিতে ডালমিয়া নগরে থাকা হল।

পরদিন আবার আমরা এগিয়ে চললাম। আমাদের পরের গন্তব্যস্থল যতদূর মনে পড়ছে কাশী। তখন রাস্তায় গাড়ি ঘোড়া অনেক কম সত্যি, কিন্তু পথে ডাকাতের ভয়। আমরা সন্ধ্যের আগেই কোন হোটেলে আস্তানা গাড়তাম। আমার মা কবিতা, গল্প, ভ্রমণকাহিনী লিখতেন। কাজেই সঙ্গে সব সময় একটা খাতা-কলম থাকত। কাশীতে আমরা বাবার এক মাড়োয়ারী বন্ধুর বাড়িতে উঠেছিলাম। তাঁর বাড়িটি খালিই পড়ে থাকত। বিরাট বাড়ি- বাগান, পঙ্খের কাজ করা দেওয়াল। চারিদিকে সুন্দর সুন্দর মূর্তি। বাগানে মালী আর রান্নার লোক থাকত। রান্নার লোকই আমাদের রান্না করে দিত। ওখানে অনেক রকমের মিষ্টি পাওয়া যেত। মন্দিরে পূজা দেওয়া হল, আশেপাশের দ্রষ্টব্য জায়গা দেখা হল। এখানে আমরা দু তিন দিন ছিলাম। তারপর আমরা এলাহাবাদ, লক্ষ্ণৌ, কানপুর দু দিন দুদিন করে ঘুরলাম। এরপর আমরা আগ্রা গেলাম। এখানে আমরা উঠেছিলাম বাবার এক বন্ধুর বাড়িতে। আমরা এখানে দিন সাতেক ছিলাম। এখানে দ্রষ্টব্য স্থান অনেক।

তাজমহল দেখে তো সবাই মুগ্ধ। এতদিন পাঠ্য বইএর পাতায় ছবি দেখেছি। চাক্ষুষ দেখে সবাই বাক্যহরিত হয়ে গেলাম। আমার ছোট বোন শাহজাহানের গল্প শুনে মুখস্থ করে ফেলল। সবাইকে শোনাতে লাগল। তাজমহলের সামনের দোকান থেকে আমরা অনেক কিছু কিনলাম। মনে আছে চাঁদনী রাতে তাজমহলের অপূর্ব সৌন্দর্য। এখন আর বোধহয় রাত্রিতে তাজমহলে যেতে দেওয়া হয় না। পরের দিন আমরা আগ্রা ফোর্ট দেখতে গেলাম। চারিদিকে অপূর্ব কারুকাজ করা। দেওয়ানী খাস, দেওয়ানী আম। যেখান থেকে শাজাহান যমুনার ওপারে তাজমহল দেখতেন, সেই জায়গা দেখে গায়ে কাঁটা দিতে লাগল। পরের দিন আমরা ফতেপুর সিক্রী দেখতে গেলাম। আকবরের একবার ইচ্ছে হয়েছিল এখানে রাজধানী স্থাপন করবেন। কিন্তু শোনা যায় জলের অভাবে তা আর হয়ে ওঠেনি। ফতেপুর সিক্রীতে বিরাট কারুকাজ করা রাজপ্রাসাদ। দেওয়ানী খাস ইত্যাদি আছে। এখানে শেখ সেলিম চিস্তির কবর খুব সুন্দর। সৌধটি শ্বেতপাথরে তৈরী। একটা বিরাট উঠোনের মত খোপ খোপ করা জায়গা। সেখানে নাকি সম্রাট সুন্দরী মেয়েদের নিয়ে পাশা খেলতেন। সারাদিন ধরে এইসব দেখে আমরা ক্লান্ত শরীরে পরিপূর্ণ মন নিয়ে ফেরার জন্য গাড়িতে এসে বসলাম। পথে আমরা দু দিন মথুরা-বৃন্দাবন ঘুরে দেখলাম। এখানে অনেক সুন্দর সুন্দর মন্দির। শ্রীকৃষ্ণের পদস্পর্শে ধন্য এই স্থান।

তারপর আমরা ভরতপুর, আলোয়ার গিয়েছিলাম। ভরতপুরে পক্ষীনিবাস দেখলাম। জঙ্গলের মধ্যে ডাকবাংলোয় রাত কাটিয়ে পরদিন আমরা আলোয়ার গেলাম। জঙ্গলের মধ্যে এঁকে বেঁকে রাস্তা, একটু ভয় ভয় করতে লাগল। আমি তখন স্কুলে গার্লস

গাইডে ভর্তি হয়েছি। আমার সীটের পাশে বাবার পাখী মারার বন্দুকটি রয়েছে, খুব ভরসা, যেন ডাকাত এলেও ভয় নেই। এখানে আমরা একটি বড় হোটেলে ছিলাম। এটা একটা রাজবাড়ি ছিল। উঁচু উঁচু খাট, সুন্দর সুন্দর চেয়ার টেবিল ছিল। এখানে আমরা উটের দুধের সন্দেশ খেয়েছিলাম। খেতে ভালই, একটু গন্ধ। উটের দুধ শুনেই গা গুলিয়ে উঠল। এখানে একটা লেক আছে, সম্ভবতঃ নাম সিলিসার। শোনা গেল এখানে রাত্রে বাঘ আসে জল খেতে। আমরা রাত্রে বাঘ দেখতে বেরোলাম। খুঁজে খুঁজে লেকের ধারে যাওয়া হল। কিন্তু অনেকক্ষণ অপেক্ষা করেও বাঘ দেখতে পেলাম না। ফেরার সময় পথ হারিয়ে গেল। খানিকটা গিয়ে সরু রাস্তা; পাশ দিয়ে একটা ট্রাক চলে গেল। আমাদের পার হয়ে একটু দূরে দাঁড়িয়ে জিজ্ঞাসা করতে লাগল আমরা কোথা থেকে আসছি, কোথায় যাব ইত্যাদি। বেশ কয়েকটা ষণ্ডামার্কা লোক। আমাদের তো ভয় হয়ে গেল। ডাকাত নয় তো? আমরা যে হোটেলে উঠেছিলাম সেখানে এক মন্ত্রী সাঙ্গোপাঙ্গো নিয়ে উঠেছিলেন। বাবা বলেছিলেন আমরা ওই মন্ত্রীর সঙ্গেই এসেছি। ফলে বিপদ কাটল। ওরা খানিকক্ষণ নিজেদের মধ্যে কথা বলে চলে গেল; আমরাও ফেরার পথ ধরলাম। সেদিন আমরা অনেক কষ্ট করে রাস্তা খুঁজে পেয়েছিলাম।

এবার আমাদের পরবর্তী গন্তব্যস্থান দিল্লী। এখানে আমরা একটা ধর্মশালায় ছিলাম। সদ্যনির্মিত বিরাট, পরিষ্কার, পরিচ্ছন্ন। প্রায়-খালি প্রাসাদোপম বাড়িটির নিচে একটি বিরাট হল ঘর নিয়ে আমাদের আস্তানা। ঘরের পাশেই বাথরুম। কিন্তু আমরা রাত্রেই তা ব্যবহার করতাম। তিনতলার ছাদে ছটা বিরাট বিরাট বাথরুম, প্রচুর জল। আমরা দিনের বেলায় সেখানেই স্নান করা, কাপড় কাচা ইত্যাদি করতাম। এখানে আমরা দিন সাতেক ছিলাম। সামনে রাস্তার উল্টোদিকে একটা রেস্টুরেন্ট ছিল। আমরা সেখানেই খাওয়া-দাওয়া সারতাম। দরজার পাশেই একটা লোক বিরাট কড়া নিয়ে দুধ জ্বাল দিত। আমরাও রোজ রাত্রে তার কাছ থেকেই সেই ঘন দুধ কিনে খেতাম। আমার যদিও কোনদিনই দুধ খেতে ভাল লাগত না, তবুও বাবার হুকুমে খেতেই হত। ওই দুধ জ্বাল দেওয়ার গন্ধটা খুব ভাল লাগত আর খেতেও ভালই লাগত।

দিল্লীতে দ্রষ্টব্য স্থান অনেক। লালকেল্লা দেখতেই একটা গোটা দিন কেটে গেল। হুমায়ুনের কবর, ফিরোজশা কোটলা, খুনি দরোয়াজা প্রভৃতি দেখতে দেখতে কদিন কেটে গেল। এখানে আমরা অনেক সুন্দর সুন্দর জিনিস, কাপড়-জামাও কিনলাম। এখানে আমার বাবার কলেজের বন্ধুর বাড়ি। তাঁদের বাড়িও একদিন যাওয়া হল। দিল্লীতে আমার মাসিমার শ্বশুরবাড়ি, সেখানেও নিমন্ত্রণ রক্ষা করতে যাওয়া হল।


আমাদের পরবর্তী গন্তব্য জয়পুর। দিল্লী থেকে জয়পুরের রাস্তাটা খুব সুন্দর। চারদিকে পাহাড়ের মধ্যে দিয়ে এঁকেবেঁকে রাস্তা গেছে। এইখানে একটা ঘটনা ঘটেছিল। আমরা মুগ্ধ হয়ে চারদিকের দৃশ্য দেখতে দেখতে যাচ্ছি। পাশ দিয়ে অন্যান্য গাড়িও যাচ্ছে, এমন সময় পাশ দিয়ে একটি ট্রাক চলে গেল। তার ওপর প্যাকিং বাক্স বোঝাই করা ছিল, কিন্তু আলগা ছিল, ভাল করে বাঁধা ছিল না। আমাদের গাড়ির পাশ দিয়ে যাওয়ার সময় হঠাৎ একটা বাক্স আমাদের গাড়ির ওপর এসে পড়ল- আর ঝনঝন শব্দে সামনের লাইটটা ভেঙ্গে গেল। ট্রাকটাকে ধরা গেল না। তখন আবার লাইট সারানোর জন্য ছুটোছুটি করতে হল। খানিকক্ষণ সময় নষ্ট হল। আবার কিছুটা গিয়ে গাড়ির হর্ণটা কি রকম আটকে গেল- এক নাগাড়ে বেজেই চলেছে। সেও সারাতে অনেকক্ষণ সময় গেল। জয়পুর যখন পৌঁছলাম তখন বেশ রাত হয়ে গেছে। একটা হোটেল ঠিক করে রাতের মত যাত্রায় দাঁড়ি টানা হল। পরের দিন আমরা হাওয়া মহল, কেল্লা এইসব দেখলাম। কেল্লার মধ্যে ত্রিপুরেশ্বরীর মন্দিরটি খুব সুন্দর। এখানো আমরা দিন তিনেক ছিলাম। অনেক কেনাকাটাও করা হয়েছিল। এখানকার বাঁধনি শাড়ি খুব সুন্দর। সামনে বসিয়ে করে দেয়। মা ও মামীমা শাড়ি কিনলেন। আমাদের জন্যেও জামা-টামা কেনা হল। আসবার পথে 'চম্বল' বলে একটি নদী আমরা পার হয়েছিলাম। তখন চম্বল নদীর দু ধারে খুব ডাকাতের উপদ্রব ছিল। নদীতে ব্রিজ ছিল না। একটা বিরাট নৌকোর ওপর দুটো গাড়ি পাশাপাশি তুলে নদী পার হওয়া হল। তারপর আমরা 'আজমীর' গিয়েছিলাম। 'পুস্কর' লেক দেখলাম। এখানে বড় মেলা হয়। আশে পাশে কয়েকটি সুন্দর সুন্দর মন্দিরও আছে। এখানে আমরা তিন-চার দিন আমাদের এক আত্মীয়ের বাড়িতে ছিলাম।

তারপর আমরা উদয়পুর গিয়েছিলাম। 'পিছলা' লেকের মাঝখানে প্যালেস দেখা হল নৌকো করে গিয়ে। লেকের জল খুবই স্বচ্ছ। অনেক মাছ ঘুরে বেড়াচ্ছে তাতে। আমরা ময়দার গুলি খেতে দিতাম। এর পর আমরা চিতোরগড় গিয়েছিলাম। এটি একটি পাহাড়ের ওপর অবস্থিত। এখানে আমরা একটি সদ্যনির্মিত হোটেলে ছিলাম। রাজবাড়ি, মীরাবাইয়ের মন্দির দেখে গায়ে কাঁটা দিয়ে উঠল। যেখান থেকে আলাউদ্দীন রাণী পদ্মিনীকে আয়নার মধ্যে দিয়ে দেখেছিলেন, সেই ঘরটি এখনও সেই রকম সাজানো আছে। যেখানে রাণীরা জহর ব্রত করেছিলেন, সেই জায়গাটিও দেখলাম। মীরাবাইয়ের মন্দিরের অপূর্ব কারুকার্য দেখে মুগ্ধ হয়ে চেয়ে রইলাম। মন্দিরের সামনে থেকে আমি একটি ময়ূরের পালক পেয়েছিলাম। ব্যাপারটি সমান্য, কিন্তু আমার মনে এখনও দাগ কেটে আছে। এখানে বিজয়স্তম্ভটিও খুব সুন্দর। রাণা প্রতাপ যেখানে চেতকের পিঠ থেকে পড়ে

গিয়েছিলেন, সেই জায়গাটি বাঁধানো আছে। এবার আর আমাদের কোটা, বুঁদি, ঝাঁসি যাওয়া হল না। ফেরার পথে আমরা এবার দিল্লী, আগ্রা, কানপুর হয়ে দু দিন দু দিন করে বিশ্রাম নিয়ে চললাম। কানপুর থেকে আমরা ছাতারপুর হয়ে খাজুরাহোটাও দেখেছিলাম। এখানে আমরা একটি গেস্ট হাউসে চার-পাঁচ দিন ছিলাম। অনেক সুন্দর সুন্দর মন্দির দেখলাম। মহাদেব মন্দির, পার্বতী মন্দির, চৌষট্টি যোগিনী মন্দির। প্রত্যেকটি মন্দিরই অপূর্ব কারুকার্য করা। মন্দিরের গায়ে নানারকম মূর্তি খোদাই করা। প্রসাধন-রতা নারী, সন্তান কোলে মাতৃমুর্তি ইত্যাদি। নর-নারীর সম্ভোগ মূর্তিও খোদাই করা আছে। এখানে আমাদের সঙ্গে একটি ছেলের পরিচয় হল। সুদূর বেলজিয়াম থেকে এসেছে। আমাদের গাড়িতে সে কিছুটা পথ লিফট নিল। তারপর আমরা সাতনা বলে একটি জায়গায় দু দিন ছিলাম। এখানে দেখবার বিশেষ কিছু নেই। কিন্তু এতদিন ঘুরে ঘুরে সবারই শরীর ক্লান্ত, বিশ্রাম চায়। হোটেলে রাত্রিবেলায় পাশের ঘর থেকে কান্নার আওয়াজ শুনে গিয়ে দেখি এক গ্রামের দম্পতি তাঁদের পাঁচ বছরের মেয়ে নিয়ে এসেছেন। মেয়ের গত জন্মের কথা মনে পড়ে যাওয়ায় তাঁরা মেয়েকে নিয়ে সেই গ্রামে যাচ্ছেন। এর পর আমরা 'পান্না' বলে একটি খুব সুন্দর জায়গা পার হলাম। জায়গাটি পান্নার মতই সুন্দর। চারদিকে সবুজ গাছপালা। রাস্তার ধারে একটি পাথরে সিঁদূর লেপা। স্থানীয় গ্রামবাসীরা পূজো দিচ্ছে। আমরাও গাড়ি থামিয়ে পূজো দিলাম। এবার আমরা রেবা নদীর তীরে রেওয়াতে পি ডাবলিউ ডি বাংলোয় দু দিন ছিলাম। তার পর আবার কাশী গয়া হয়ে ফেরা। আমাদের মন খুবই ভারাক্রান্ত। আবার সেই বাঁধাধরা জীবনে ফিরতে হবে। বাবাদেরও ছুটি ফুরিয়ে গেছে। আমাদেরও স্কুল খুলে যাচ্ছে। শেষ কদিন গয়াতে কাটিয়ে আমাদের যাত্রা শেষ হল। টিভিতেও দেখি ''চলো যাই'' শেষ হয়ে গেছে। আমিও বাস্তবে ফিরে এলাম।

# প্রসঙ্গ ঃ সন্ত্রাসবাদ

মৃণাল পাল



এই স্পর্শকাতর বিষয়ে যে কোন মতামতই যথেষ্ট বিতর্ক-সাপেক্ষ তা জেনে শুনেই এ লেখাটা সুরু করছি।

তাই সর্বপ্রথমেই জানিয়ে রাখি যে সন্ত্রাসবাদী কার্যকলাপকে চোখ বুজে নিন্দা করা কিংবা নির্বিচারে সমর্থন জানানো - তার কোনোটাই এ লেখার অভিপ্রায় নয়। তবে মধ্যপ্রাচ্যের কিছু অঞ্চলের ইদানিং পরিস্থিতিতে এই আলোচনা প্রাসঙ্গিকই বোধ করি।

সন্ত্রাসবাদীরা যখন দেশব্যাপী আপাতদৃষ্টিতে অস্থির ভীতিকর পরিস্থিতির সৃষ্টি করে, তার পিছনে সাধারণতঃ তাদের বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক দাবী থাকে; নিজেদের দৃঢ়বিশ্বাস-উদ্বুদ্ধ চরমপন্থী আদর্শগত কারণ-গুলিই এ সমস্ত দাবীর উৎস। তাই তাদের পরিবেশ এবং চারিত্রিক বিশিষ্টতাগুলিকে ঠিকমতো বোঝার আগ্রহতেই এ লেখার উৎপত্তি।

প্রথমতঃ বোঝা দরকার যে আজকের পৃথিবীর নানা অংশে কিছু কিছু ক্ষেত্রে ক্ষমতাসীন বলদর্পী গোষ্ঠি (কখনো কখনো বহিরাগত সামরিক শক্তি) দেশ শাসনের নামে জনসমষ্টিঃর উচ্ছেদ, উৎখাত সহ নানাভাবে উৎপীড়ন করে চলেছে; তার প্রতিরোধে যখন ঐ জনতার এক উল্লেখযোগ্য অংশ বিদ্রোহী হয়ে শক্তিশালী আন্দোলন গড়ে তোলে, তখন কিন্তু আমাদের তার দোষগুণ বিশ্লেষণ না করেই তাকে শুধুমাত্র তুচ্ছ ভেবে এড়ানো ঠিক নয়।

অথচ আমাদের মধ্যে এমন অনেকেই আছেন - বিশেষতঃ যাঁরা নিজেরা জীবনসংগ্রামে ঐরকম ‘উৎপীড়িত’দের দলে পড়েন না এবং বর্তমান সামাজিক ও অর্থনৈতিক কাঠামোর মধ্যেই নিজেদের জীবনে সুপ্রতিষ্ঠার সুযোগ পেয়েছেন - তাঁরা তাঁদের উচ্চ/মধ্যবিত্ত জীবন-যাত্রার সুখ-সাচ্ছন্দ্যের পরিপন্থী এ হেন আলোড়নের যথাযথ মূল্যায়নে অনিচ্ছুক কিংবা অপারগ; এরূপ উদাসীনতা শ্রেণীগত স্বার্থপরতার নামান্তর মাত্র কিংবা সামাজিক তথা রাজনৈতিক সচেতনতার

অভাবের লক্ষণ বলে বিবেচিত হতে পারে। কারণ 'দেয়ালের লেখন' বুঝতে না পারা (কিংবা বুঝতে না চাওয়াা) আর সমকালীন বাস্তবতার একটা দিকের সঙ্গে সংযোগ হারানো সমার্থক; তা মোটেই কাম্য নয় এবং দুঃখেরই ব্যাপার।

বরং, নির্লিপ্ত না হয়ে যে কোন দায়িত্ববান নাগরিকের পক্ষে বিদ্রোহীদের সম্পর্কে তাঁর সমর্থন বা বিরোধিতার অবস্থান স্থির করা উচিত ওদের সংগ্রামের মূল কারণ ও কর্মকৌশলের পৃথক পৃথক মূল্যায়নের মধ্য দিয়ে। উভয় ক্ষেত্রেই মূল্যায়ন যত বেশী বাস্তবানুগ ও ব্যক্তি-নিরপেক্ষ হবে ততই সঠিকতর সিদ্ধান্তে পৌঁছানো সহজ হবে। কোন ক্ষেত্রে কারণগুলি মেনে নেওয়া গেলেও নির্বিচারে হত্যা করার কর্মকৌশলে গুরুতর আপত্তি থাকতে পারে, আবার কখনো হয়তো কারণগুলিই মনে দাগ কাটে না - তবে সেগুলি মানতে পারলে কর্মকৌশল নিয়ে তেমন কোন সমস্যা নেই।

এখন, মূল প্রসঙ্গে ফিরে এলে লক্ষ্য করবো যে সাধারণতঃ শাসকগোষ্ঠী ও বিদ্রোহীদের মধ্যে সশস্ত্র সংঘর্ষ এড়ানোর জন্য প্রাথমিক ভাবে আলাপ-আলোচনা ও আপোষের মাধ্যমে বিরোধের মূল কারণগুলির সঙ্গে জড়িত সমস্যাগুলির নির্ভরযোগ্য মীমাংসার চেষ্টা করা হয়; তা সম্ভব হলে মোটামুটি সবারই নিশ্চিন্ত হওয়ার কথা। অতীতের চেকোস্লোভাকিয়া থেকে বর্তমানের দুটি আলাদা রাষ্ট্র চেক ও স্লোভাকিয়ার সৃষ্টি এবং মালয়শিয়া থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা সার্বভৌম সিঙ্গাপুরের উৎপত্তি এরূপ আপোষ-আলোচনার পথ ধরেই হয়েছে। কিন্তু সে একান্তই কার্যকরী না হলে তখন চলে আসে নানা বিকল্প চিন্তা-ভাবনা এবং বিচার-বিবেচনার কথা।

এইরকম দুইপক্ষের মধ্যে যখন একদিকে চিরাচরিত সম্মুখ-সমরে অবতীর্ণ হওয়ার ক্ষমতার গুরুতর পার্থক্য থাকে এবং সেই সঙ্গে মূল বিরোধগুলির মীমাংসার সম্ভাবনা নিতান্তই কম, তখনই দুর্বল পক্ষ (অধিকাংশ ক্ষেত্রেই প্রতিরোধ-আন্দোলনকারীরা) সামনাসামনি লড়াই এড়িয়ে বিজয়ী হওয়ার অন্য সমস্ত উপায়গুলি খুঁজে বার করে। গেরিলা যুদ্ধ এবং সন্ত্রাসবাদী কার্যকলাপ এদের মধ্যেই পড়ে।

প্রায় প্রতিটি ক্ষেত্রেই এরকম গেরিলা যোদ্ধারা এবং সন্ত্রাসবাদীরা কোন না কোন চরম জাতিয়তাবাদী রাজনৈতিক কিংবা মৌলবাদী ধর্মীয় আদর্শে উদ্বুদ্ধ হয়ে চালিত হয় এবং লক্ষ্যে পৌঁছানোর উদ্দেশ্যে সমস্ত সংঘাতমূলক কার্যকলাপকে তাদের মুক্তিযুদ্ধের কিংবা জিহাদের অংশ হিসাবে দৃঢ়প্রত্যয়ী হয়। তাই তারা

তাদের অভীষ্ট লাভ করার পথে বাধাবিঘ্ন সরাতে নিজেদের জীবন দিতেও প্রস্তুত থাকে।

ব্যক্তিগত লাভের জন্য এরা এদের ব্যাপক নাশকতামূলক কার্যকলাপ চালায় না। এদিক থেকে এরা পেশাদারী মারাত্মক অপরাধীদের থেকে আলাদা। এ মন্তব্যটি বিশেষভাবে বিবেচনা করে দেখা দরকার, কারণ তা মেনে-নেওয়া ও না-মেনে-নেওয়ার মধ্যেই লুকিয়ে থাকে সন্ত্রাসবাদ সম্পর্কে আমাদের মনোভাবের মূল ভিত্তি।

ইংরেজ শাসনের শেষদিকে আমাদের দেশেরও কিছু কিছু দৃঢ়প্রতিজ্ঞ স্বাধীনতাকামী রাজনৈতিক কর্মীদের কার্যকলাপ শাসকগোষ্ঠির কাছ থেকে সন্ত্রাসবাদের ছাপ পেয়েছিল - টেররিষ্ট্ সূর্য সেন, বাঘা যতীন ও ক্ষুদিরাম বোসদের আমরা তখন আত্মত্যাগী, বীর, দেশপ্রেমী বলেই গ্রহণ করেছিলাম - এখনও তাই করি।

তবে কর্মকৌশলের ব্যাপারে এঁদের সঙ্গে আজকের সন্ত্রাসবাদীদের গুরুতর পার্থক্য আছে। সে যুগে আমাদের টেররিষ্ট্রা আদর্শগতভাবে (এবং কৌশলগতভাবেও) সর্বদা বিপক্ষের নিরস্ত্র নারী-শিশুদের সন্ত্রাস-আক্রমণ থেকে বিরত থেকেছেন। বহির্জগতের সহানুভুতি লাভের দিক থেকে এ বিষয়টি খুবই গুরুতর - কিন্তু এখনকার সন্ত্রাসবাদীরা এরকম কোন বিধি-নিষেধ মানতে প্রস্তুত নয়; তাদের মুক্তিযুদ্ধ বা জিহাদের অভীষ্টলাভের জন্য সর্বপ্রকার সন্ত্রাস-আক্রমণই এদের কাছে গ্রহণযোগ্য।

নীতিগত কারণে কোন বিশেষ এক মুক্তিযুদ্ধ বা জিহাদের সংগ্রামের প্রতি পৃথিবীর অন্যত্রও বিভিন্ন অঞ্চলে অনেকের যথেষ্ট সমবেদনা এবং সমর্থন থাকতে পারে; এখন প্রশ্ন জাগে যে এই সমর্থকদের সকলেই কি সন্ত্রাস-বাদীদের ত্যাগ করবে এই কর্মসূচির জন্য? সাম্প্রতিক কালের পৃথিবীব্যাপি এ প্রকারের বিরোধগুলির পর্যালোচনা করলে বুঝতে পারা যায় যে প্যালেষ্টাইন, চেচনিয়া কিংবা ইরাকের ক্ষেত্রেও তা হয় নি।

মোটামুটি ভাবে সন্ত্রাসবাদীদের বক্তব্য যে সন্মুখ যুদ্ধে যখন বিপুল শক্তিশালী শত্রুপক্ষদের বিরুদ্ধে জয়লাভের সম্ভাবনা খুবই কম, তখন নির্বিচারে সব রকমের নৃশংস ধ্বংসাত্মক আক্রমণ চালিয়েই তাদের যতদূর সম্ভব ত্রস্ত এবং বিপর্যস্ত করা সঠিক কর্মকৌশল; এতে এদের আন্দোলনের প্রতি বহির্বিশ্বের সহানুভূতি ও সমর্থনের কিছু ক্ষতি হতে পারে তা মেনে নিয়েও সন্ত্রাস-বাদীরা

বিশ্বাস করে যে এই পথেই শত্রুপক্ষ ক্রমশঃ বিধ্বস্ত হয়ে শাসন-কর্তৃত্ব হারাবে এবং তাতে তাদের অভীষ্ট-লাভ ত্বরান্বিত হবে।

বলা বাহুল্য, সন্ত্রাসবাদীদের এই বিশেষ কর্মকৌশল সব সময়েই সার্থক হবে না, ফলে শত্রু-পক্ষের আক্রমণের কাছে কখনো কখনো হার মানতে হবে।

বিরোধের চরম পর্যায়ে সন্ত্রাসবাদীদের দমনের জন্য অপর পক্ষও এমন আক্রমণ সুরু করতে পারে যা সন্ত্রাসবাদের পর্যায়েই পড়ে। যেমন প্যালেষ্টাইনের উদ্বাস্তু শিবিরগুলির ওপর ইস্রায়েলি সৈন্যদের নৃশংস আক্রমণ। ঐ সৈন্যরা যখন বুল-ডোজার চালিয়ে উদ্বাস্তুদের বাড়ীঘর ধ্বংস করে, সন্ত্রাসবাদী সন্দেহে বাড়ীর পুরুষদের নির্বিচারে গুলি করে হত্যা করে, মহিলাদের অকথ্য শারীরিক অত্যাচার করে এবং কোন ক্ষেত্রে ধর্ষণও করে, তখন তাদের পালিয়ে বাঁচা কিশোর সন্তানদের পক্ষে অদম্য প্রতিহিংসায় সন্ত্রাসবাদীদের দলে যোগদান অবশ্যম্ভাবীই বলে মনে হয়।

তাই অভীষ্টলাভের জন্য আত্মহননেও প্রস্তুত এইরূপ দৃঢ়বিশ্বাসী সন্ত্রাসবাদীদের জয় করার জন্য কেবলমাত্র সামরিক শক্তির প্রয়োগ অনেক সময় যথেষ্ট কার্যকরী নাও হতে পারে; এইরকম কঠিন অবস্থায় বিরোধের বর্তমান বাস্তব পরিস্থিতিকে যথেষ্ট গুরুত্ব দিয়ে সেই অনুযায়ী প্রয়োজনীয় যুক্তিগ্রাহ্য আলোচনা চালিয়ে প্রথমে উভয়পক্ষের মধ্যে অবিরাম রক্তক্ষয়ী সংঘর্ষ থামানো এবং তারপর দুইপক্ষের কাছে গ্রহণযোগ্য আপোস-প্রস্তাব খুঁজে বার করাটাই কার্যকরী স্থায়ী সমাধানের পথ হবে।

আশার কথা, এইরূপ রাজনৈতিক সমাধানের দৃষ্টিভঙ্গির সমর্থন সারা পৃথিবীর শান্তিপ্রিয় সংবেদনশীল জনগণের কাছে ক্রমশঃ জোরদার হচ্ছে - রাষ্ট্রসংঘের সাধারণ অধিবেশনে অধিকতর সদস্য-রাষ্ট্র অনুরূপ মতামত প্রকাশ করা সুরু করেছে। তবু প্রভূত শক্তিশালী রাষ্ট্র কয়টির ভেটো এড়িয়ে সংখ্যাগুরু শান্তিকামী রাষ্ট্রগুলির মতামত কার্যকরী হওয়া এখনো সময়সাপেক্ষ; তাই সঙ্গত কারণেই মনে হয়, আমাদের নিছক চাওয়া না-চাওয়ার ওপর নির্ভর না করে সন্ত্রাসবাদী কার্যকলাপ তার নিজস্ব বিশ্বাস ও প্রয়োজন মত আরো কিছুকাল চলতে থাকবে এবং এই শতাব্দীর পরবর্তী কয়েক দশকের আগে পৃথিবীব্যপি সন্ত্রাসবাদী কার্যকলাপ-মুক্ত পরিবেশ সৃষ্টির সম্ভাবনা নিতান্তই কম।

# চিকিৎসা বিভ্রাট

বেণু নন্দী



খুব মনের আনন্দে পরশুরাম গ্রন্থাবলীর তিন খন্ডই বার করে এটা সেটা পড়ছি আর নিজের মনেই হেসে কুটোপাটি যাচ্ছি।

ইতিমধ্যে ধরল ভীষণ অসুখ। থাকি একা বাড়িতে। আমার ভায়ের বৌ বুবুলের কাছ থেকে walking clinic এর ঠিকানা নিয়ে পাড়ার মেয়ে Margaret কে ধরলাম clinic এ নিয়ে যেতে। কিন্তু Margaret কিছুতেই clinic খুঁজে বার করতে পারল না - তখন আমিই ওকে বললাম Civic Hospital এর emergency তে আমাকে নাবিয়ে দাও - তাহলেই হবে। বলে আমি নেবে পড়লাম - সঙ্গে কিন্তু আগে থাকতেই একটা প্লাস্টিকের দই এর কৌটো ঢাকা সমেত নিয়েছিলাম - কি জানি যদি বমি টমি কিছু হয়।

আমাকে দেখেই সাদা চুল আর Arthritise এর জন্য হাঁটুর ব্যথায় টলোমলো চলা দেখেই ওরা সঙ্গে সঙ্গে admission করে একটা ঘরে পাঠিয়ে দিল। নার্স এবং ডাক্তার দেখি প্রথম থেকেই সাবধান হয়ে নাক মুখ mask এ ঢেকে special apron পরে ঘরে ঢুকল। আমার হাতে দই এর কৌটোটা খুব সন্দেহের চোখে দেখতে লাগল। আমি ইতিমধ্যেই দু একবার বমি করেছি ওই কৌটতে। দু তিন জন ডাক্তার নার্স পর পর এসে আমার তো বটেই আমার বাপ চোদ্দপুরুষের শারীরিক ইতিহাস নিয়ে গেল ও বারবার জিজ্ঞেস করল কি হয়েছে - কেন এখানে এসেছ? আমি বলতে পারিনা - কি হয়েছে বলতে পারলে তো ল্যাটা চুকে যেত।

যাই হোক - ঠিক হল জায়গা খালি হলেই আমাকে Smyth রোডে Ottawa Hospital এ চালান দেবে কারণ Civic এ এক রাতের বেশী আমাকে রাখতে পারবে না।

আমাকে বলল যেমন পরে আছো রুগীর নীল গাউন সেই পরে থাকো। আমরা তোমায় paramedic stretcher এ সাইরেন বাজাতে বাজাতে ওখানে নিয়ে যাব।

সেই মতন প্রায় রাত দেড়টার সময় Ottawa Hospital এ পৌঁছলাম। একটা special ঘরে ঢোকাল। সঙ্গে সঙ্গে আমায় special বিছানায় শুইয়ে দিলো। দফায় দফায় blood pressure নেওয়া - heart monitor করা তো চললই - তাছাড়া এ হাতে ও হাতে সিরিঞ্জের পর সিরিঞ্জ blood নিতে লাগল পরীক্ষা করার জন্য। যে কেউ সে ঘরে আসছে সবাই কিন্তু নাক কান ঢেকে আর special gown পরে প্রবেশ করছে।

তারপর আমার vein এ মোটা ছুঁচ ঢুকিয়ে ভেতরে জল দেওয়া সুরু হল। চলল সারা রাত থেকে পরের দিনও। মুস্কিল হোল যখন আমার বাথরুমে যাওয়ার দরকার হল - তখনই। এই লম্বা stand এ মোটা মোটা নল দিয়ে থোলে থেকে জল আসা নিয়ে বাথরুমে ঢোকা - এক মহামারি কান্ড।

ঘরের সামনের দেওয়ালে বড় বোর্ডে লেখা আমায় ওরা কি করছে - কি কি ইনফেক্সন হতে পারে - থাইরয়েডের কোনো গন্ডগোল কিনা - লাং এর কোনো গন্ডগোল কিনা।

তারপর চললো ঠুসে ঠুসে খাওয়ানো। আমিও যতটা পারি ওদের বাধ্য মেয়ে হয়ে গেলাম। বাড়ী ফিরতে হবে তো?

দু তিন দিন ধরে নানা রকম পরীক্ষা নিরিক্ষা করে যখন ওরা কোনো কিছুই ধরতে পারলনা - এমন কি আমার কোনো রকম infection হয়েছে কিনা সেটাও যখন ধরতে পারলনা তখন আমায় বল্লো "বাড়ী যাও"। আমার মনে পড়ল পরশুরামের চিকিৎসা সঙ্কটের কথা।

হায় জগদম্বা - নন্দবাবুর মিস্ বিপুলা মল্লিকের মতন আমায় কেন একটা মিঃ বিপুল মল্লিক জুটিয়ে দাওনা যিনি আমার সব ভার নেবেন - আমায় রক্ষনা বেক্ষনা করবেন?

# ভোলু তেলী

## আদিত্য চক্রবর্ত্তী



(কাকা হাথরশীর  হিন্দী কবিতা অবলম্বনে)

[Kaka Hathrasi was amongst the best known hasys kavis in Hindi. Here in thie poem he tells us in Brij Bhasha what actually happened to Bholu Teli who hawked oil in the village market and had disappeared for a year only to reappear once more, but..]

ভোলু তেলী গ্রামে করে তেলের সেল

গলি গলি ঘুরে বেড়ায় - তেল নাও গো তেল!

তেল নাও গো তেল - বাঘের মতন সেই বুলি

মনে হয় যেন বজ্র্যাঘাত অথবা কামানের গুলি!

এক বছর হয়ে গেল দেখা নেই আর

হঠাৎই একদিন দেখা মিলল তার!

কি হলো এমন মরার মতন চাল

বাঘ থেকে ছাগ একি তোমার হাল!

লিকপিকে শরীর আর তুবড়োন গাল

হাঁকে তেল নেবে তেল কিন্তু কণ্ঠ টাল মাটাল !

একি হলো তোমার, তাকে আমি বলি

এই দশা হলো আমার উদ্ভাহ বন্ধনে ঝুলি!

# ক্যানভাসে প্লাবন

সুভাষ চন্দ্র বিশ্বাস



জলো হাওয়ায় মনটা ভিজে গেল।
গুচ্ছ গুচ্ছ কমলা ফুলের পাপড়ির দল
ছড়িয়ে দেয় শুভ্ররাগের নতূন আবেগ।
হৃদয়ের মরুভূমিতে একটি সরোবর।

আকাশ কৃষ্ণাম্বর,
একটা সমুদ্র হাওয়ায় ভাসছে।
মেঘগুলি উত্তাল তরঙ্গ,
থম থমে নিঝুম দুপুর।

একটা বিশাল ক্যানভাস আবদ্ধ বিবশ;
নব আবির্ভাবের আনন্দঘন
অস্ফুট চীৎকার নৈঃশব্দে থমকে আছে।
অসীম রসের প্লাবনে নিমগ্ন
আত্মার করুণ চাহনি,
জীবনের অর্ঘ্য পেতে উন্মুখ।
নতূন সম্ভাবনার দ্যোতনা অস্থিরতায় অনড়।

আপেল ব্লসম শেষ হয়েছে,
লাল সবুজ পাতায় ভরা দাঁড়িয়ে একা।
দুটি রবিন পাখী নীড় বেঁধেছে।
তাদের উড়ন্ত চঞ্চলতায় ক্যানভাসে আন্দোলন,
চমকিত হাওয়ায় মুখর কানন।
নতূন তুলির ছোঁয়ায় একটি সুপ্ত হৃদয়ের
জাগরনী গান।


আকাশ সমুদ্র হতে
অনুভূতির ঝির ঝিরে বৃষ্টি।
পাখীর নীড়ের মধ্যে জীবন কাঠির ছোঁয়া।
ড্যান্ডিলায়ন হলুদ ফুলের শোভা নিয়ে
অধীর প্রতীক্ষায় দোলে;
কবে ছোট্ট দুটি পাখায় উড়ে আসবে কুন্তমণি,
সবুজ ঘাসের অরণ্য হতে খুঁজে পাবে
তার প্রথম শিকার।

আকাশমাটি এক অসীম সাগর,
অনন্ত জীবনের জলীয় আস্বাদ।
হঠাৎ আলোর ঝাপটা লেগে
চমকে ওঠে হৃদয়।
নীড় হতে উড়ে আসে
ঝিকিমিকি দিন জোনাকি,
আনন্দসাগরে ডানা মেলে
এক ঝলক আলুথালু প্রেম।

আলোড়ন, আলোড়ন,
সাগরের মাঝে এক ছোট্ট দ্বীপে
উন্মত্ত হাওয়া, প্লাবিত ক্যানভাসে
আজ হাজার ছবির মেলা।
এস হে নাবিক, এই তোমার বন্দর।

# লিখতে এবং পড়তে হবেই?

## মৃণাল পাল



বুলবুলিটার ভুল বুলিতে আর

টুনটুনিটার টানে

তৈরী যে গান কেউ বোঝে না,

পায় না খুঁজে মানে!

নেইকো মানে হয়তো - তবু

জুড়ালো তো প্রাণ,

হারিয়ে গেলে কোথায় পাবো

এমন মিঠে গান?

মেলে না সব মনের ধাঁধা,

খোঁজাখুঁজি বৃথাই সার,

ঘাড়ে শুধু বয়ে বেড়াই

অবুঝ মনের অসীম ভার।

বুঝতে পারি 'পদ্য' লেখা

নয়কো আমার কর্ম -
মিল ও ছন্দ রাখতে বজায়
মিছেই ঝরাই ঘর্ম।
তবু কেন চেষ্টা করি -
বুঝি না তার মর্ম,
কমতি-ঘিলু মাথায় যে আর
গাত্রে স্থূল-চর্ম!

‘অনলাইনে’ দেশের খবর
আর পেনসনের(ই) ‘রেস্ত’
তাতে ভেসেই দিন কাটানো
চলছিলো যে বেশ তো।
আশি-পেরোনো ভীমরতিতে
অনেক কিছুই গুলিয়ে যায়
‘কাব্য-করার’ মূর্খামিটা
সেই দলেতেই স্থান পায়।

ছেলেবেলায় লিখেছিলাম
ইস্কুলেরই ম্যাগাজিনে,

বন্ধুরা তা পড়েছিলো
লেখকেরই নাম চিনে।
বালকসম ঐ বয়সের
লেখাটা ছিল খুবই কাঁচা
তবু আমার বাদাম খেয়ে
‘বেশ লিখেছিস’ বললো সবাই,
বাদামটা যে ঘুষের মতো
কাজ করেছে - বুঝতে তা পাই!
বয়স কাঁচা - লেখাও তাই
তাতেই তখন ছাড় পেয়ে যাই।

আমাদের এই বাংলা ভাষায়
আছেন অনেক ভালো কবি,
যাঁদের সেরা রবীন্দ্রনাথ -
নজরুল ও তো ওনার সাথ,
গাঁথা মনে তাঁদের ছবি।
আরো আছেন অনেক গুণী,
বিষয়বস্তুর ব্যাপকতায়,
বক্তব্য - তার বলিষ্ঠতায়,

যাঁদের লেখা অনেক ‘ভারী’,
তাঁদের কথা ভুলতে পারি?

তবুও আমায় মানতে হবে,
বিশ্বাসও তো করতে হবে -
তাঁদের লেখা সরিয়ে রেখে
সত্যি পাঠক দেখবে চেখে
‘নতুন-কিছুর-ছাপ’-ছাড়া,
ভাবালুতার ভাপে ভরা
আমাদের সব বুড়োখোকার
‘কচিলেখা’ আর ‘কাঁচা-লেখা’?

‘লিখতে হবেই’ মাথার কিরে
কেউ দেয় নি কোন সময়!
সেধেই নিলাম সেই ঝামেলা,
কেন তবে তা খুঁজতে হয়!

‘পড়তে হবেই’ সেই কথাও
জোর দিয়ে তো কেউ বলেনি,

তবু কেন এই মাথা-ব্যথা?

জবাবটা তার কই মেলেনি!

বলতে যা চাই - মন মানেনি?

করবে আরো টানাটানি?

তোমার জবাব তুমিই খোঁজো -

আমি আমার দাঁড়ি টানি।

# হাইকু-অনুপ্রাণিত কবিতাণুপুঞ্জ

ঝর্ণা চ্যাটার্জী



(১)
একমুঠো আলো দিয়েছিলে,
চেয়ে দেখি ফুল হয়ে ঝরল পায়ের কাছে
তারা হয়ে ফুটল আকাশ ভরে।



ফোটো-ঝর্ণা




ইন্টারনেট থেকে

(২)
বাতাসের বাঁশি পাইনবনে
ঝরোঝরো বৃষ্টি ঝরে সারা রাত ধরে
হৃদয় আকুল, দিশাহারা।


ফোটো-ঝর্ণা


(৩)
মেঘের ছায়া শান্ত জলে
হংস-মিথুন ভেসে চলেছে মাঝে,
আকাশগঙ্গায় সাঁতার।


ফোটো-ঝর্ণা

(৪)
কোটি নীহারিকা সূর্য জ্বলে
আমার জীবনে আছে শত সুখ্-দুখ্
ক্ষুদ্রতম কণা শুধু- তবু কাঁদি-হাসি।



(৫)
চিরবন্ধনে বাঁধা অণু-পরমাণু
অন্তরে জানি বিশ্বের প্রাণও সেইমত
যেন মনে রাখি।


ইন্টারনেট থেকে

(৬)
শূন্য ঘরে ঢুকি
চোখের শিশির নদীর ঢেউয়ে মিশে
হারিয়ে যায় কোথা।


ইন্টারনেট থেকে

(৬)


ফোটো-ঝর্ণা

দিগন্তে দেখি দু চোখ ভরে
রঙ ঢেলে ঢেলে নীল হল কমলা-সোনালী
সে যে মোর পূরবীর তান।

# রবীন্দ্র- সন্ধ্যা ২০১৪

অমর কুমার



ছিল না সেদিন শঙ্খধ্বনি, গুচ্ছ রজনীগন্ধা

বাসন্তী রোদে ভিজে, বলেছিল নবীন পাতা

'আজ রবীন্দ্র-সন্ধ্যা'

দখিন হাওয়া সেই বারতা পৌঁছালো সব কানে কানে

খুশীর নাচন, লাগলো যে দোল লাগলো যে মনে মনে

ছিল না পলাশ, কৃষ্ণচূড়া, বকুল বীথি ও আম্র-মঞ্জরি

রবীন্দ্রনাথ এলেন খুশী, ভাসিয়ে তাঁর 'সোনার তরী'

প্রশস্ত কপাল, উন্নত নাক, জ্যোতির্ময় চোখ উজ্জ্বল

সাদা দাড়ির আড়ালে তাঁর মনটি বড়ই কুসুম কোমল

দীপ জ্বললো, ধূপ পুড়লো, বেদি সাজলো হরেক ফুলে

রবিকবি বসলেন তাঁর আসনে, হলুদ ফুলের মালা গলে

বিশিষ্ট অতিথি ছিলেন তিনি, আমাদের সান্ধ্য অনুষ্ঠানে

ভক্তেরা সব অর্ঘ সাজিয়ে প্রণাম জানালো তাঁর চরণে

পড়লো কবিতা, শুনলো সকলে, গাইলো অনেক কবির গান
আমরা সব কবিকে জানালাম, ‘ফিরে এসো একবার’ আহ্বান
কবির ‘এই পথ চাওয়ারই’ পথ ধরে এলো ‘সাধারণ মেয়ে’
করল কেউ মন জয় ‘দুখো জাগানিয়া-তোমায় গান’ গেয়ে
মুগ্ধ করলেন অনেকেই, পড়লেন মৌলিক রচনা ও বিশ্লেষণ
স্বরচিত কবিতা পাঠ ‘কবিগুরু রবীন্দ্রনাথ’ ও ‘শান্তিনিকেতন’
‘এমনি করে যায় যদি দিন-যাক না’র- দিনটি ছিল অসাধারণ
‘তুমি কেমন করে গান’ ও ‘চিত্ত যেথা’ মন করলো আকর্ষণ
‘সবলা’ পড়লেন কেউ, প্রণাম জানালেন কেউ ‘প্রণমি’ পড়ে
ভক্তি নিষ্ঠায় আপ্লুত সব, সুর ভেসেছিল গান ‘ওগো সুন্দরে’
কেউ বললো- কবির আদর্শ, জীবন আলেখ্য আর মতবাদ
কবির স্মরণে সবাই শ্রদ্ধা জানালো, দিলেন কবি আশীর্বাদ
‘আগুনের পরশমণি’— ছিল প্রথম গান, ছুঁলো সবারই প্রাণ
‘আনন্দলোকে, মঙ্গলালোকে’ গেয়ে এক সুরে, শেষ হোল
‘রবীন্দ্র-সন্ধ্যা’ অনুষ্ঠান ।।

# কবি নজরুল ইসলাম স্মরণে

গৌর শীল



আকাশের বুকে অগ্নি আখরে যাহারা লিখেছে নাম
পুরোভাগে তার ভাস্বর তুমি নজরুল ইসলাম
দুরন্ত বাধা ভাঙিয়া প্রাচীর দিগন্ত পানে ধায় যত বীর
তুমি খরগতি তাদেরই সমুখে উদ্ধত উদ্দাম
ভাস্বর তুমি মানস-গগনে নজরুল ইসলাম।

অগ্নিবীণার ঝঙ্কারে তুমি জ্বালো লেলিহান শিখা
লেখনী তোমার তরবারী হয়ে কাটে মোহ-মরীচিকা
জ্ঞানপাপী যত ধর্ম-দালাল অমানুষ, লোভী, মুখোশে আড়াল
ছিন্নভিন্ন তোমার চাবুকে ভয়, গ্লানি, বিভীষিকা –
অত্যাচারীর চিতার ভস্মে ভালে তব জয়টিকা।

সর্বহারার সাথী তুমি, গাও শিকল ভাঙার গান
বঞ্চিত বুকে সঞ্চিত যত পুঞ্জিত অভিমান
ধূলি-লুণ্ঠিত ওরে হীনবল জাগো, ওঠো, ভাঙো বদ্ধ আগল
জালাও আগুনে যুগে যুগে জমা আবর্জনার মল –
সাম্যের গীতি ধেয়ে যাক দূর-দূরান্ত ধরাতল।

দুর্যোগ-ঘন বঙ্গভূমির কুটিল ভাগ্যাকাশ
দিশাহীন তরী অকূল পাথারে দানব-মূরতি ত্রাস
চকিতে চমকে নীল কষাঘাত মুহুর্মুহু সে বজ্রনিনাদ
জ্বলে দাবানল প্রলয়ঙ্কর থরো থরো কাঁপে প্রাণ–
তোমার কণ্ঠে নির্ভীক ডাক, "যাত্রীরা সাবধান" !

ফণীমনসার কন্টক-জ্বালা দিবানিশি অতিরিক্ত
সয়েছ, ফোটাতে রক্ত-গোলাপ হৃদয়-শোণিতে সিক্ত
বিষের বাঁশীতে দিয়ে ফুৎকার      কণ্ঠে ধরিলে গরলের ভার
কুসুমের ডালি বাড়ালে ভরিয়া দোলনচাঁপার গুচ্ছ--
হতবাক কবি চেতনা-অতীত জীবন-জগত তুচ্ছ।

অমলিন কবি তোমার আসন মোদের হৃদয়-কক্ষে
বজ্রমন্দ্র নির্ঘোষ তব ঢেউ তোলে কোটি বক্ষে
বাজে দুন্দুভি হৃদি-পিঞ্জরে      শুনি সেই ধ্বনি. শুনি বারে বারে
"এক হাতে মোর বাঁশের বাঁশরী আর হাতে রণতূর্য"--
বিদ্রোহী কবি উদ্ধত-শির মধ্যগগন সূর্য।

[ কাজী নজরুল ইসলামের কবিতার সঙ্গে ৬০ বছরের পরিচিতির অম্লান স্মৃতি ধরে রাখার প্রচেষ্টা থেকে এই কবিতাটি রচনার প্রেরণা আসে। ]


<Go to Index Page>

# Photographs

Sumitra Sen (Tini)



“I can’t find any small boxes,” she says, hunched over a large suitcase packed to the brim with clothes, meticulously folded. The room is a mess, and large boxes cover the floors. The blue walls of their bedroom are coloured with warm sunlight, but the photographs have been taken down and packed away.

“What do you need small boxes for, Love?” he asks. He has called her Love for decades.

“To put all my jewelry in!” she exclaims. “And my necklace. I can’t find my darned necklace!”

His eyebrows furrow over his thick-rimmed glasses. His hair has become silver now, and his eyes are framed by crow’s feet. He wears suspenders over his plaid shirt, and holds his old bomber jacket in his hand, midway on its path to the open suitcase on the bed.

He looks at his wife, that innocent look of concern on her wrinkled face, as if she is completely oblivious. It took him a long time to come to terms with that.

He sees the small hint of gold at her neck, and keeps packing.

*     *     *

“He’s coming towards you,” said her friends, giggling uncontrollably. She attempted to hush them but to no avail. She was sixteen. The school yard was emptying out, and from a distance she could see him walking slowly towards them. He had this way of walking that made him appear so much older than he was, and that bomber jacket draped carelessly over his shoulders gave him the appearance of a man, not a boy. His dark hair blew in the autumn wind, the same wind that played with the hem of her skirt around her knees. Her heart started thudding louder.

“How was he as a date?” asked her friends. “Everyone at the dance was talking about you two.”

She sighed, attempting to appear calm as he drew nearer. A burst of images ran through her mind; his handsome suit, the well-mannered way in which he’d spoken to her parents before he whisked her off to the high school dance, the way they moved shyly on the dance floor, the way he took care of her and brought her back home.

“Well?” they asked again.

She inhaled. “He was perfect.”

As he drew closer, her friends melted away. He gave her a smile, and asked her how she was, and pulled a little velvet box out of his pocket. In anticipation, she opened it, and he drew out a delicate gold necklace, with a tiny angel atop a heart-shaped pendant. She gasped, for it was beautiful, and turned around to let him put it on.



<Go to Index Page>

*           *           *

“Could you go outside?” she asks, but the end of the phrase fades slowly, like an ebbing wave.

“Why, Love?”

He sees her vacant expression, and his eyes are grim. The doctors had not predicted such a fast decline, but he had expected it. He would have to take extra care of her once they left their home.

“I don’t remember,” she says, and the embarrassment in her voice is obvious, and makes his heart sear with pain. He does not like to see this, see her eyes filled with frustration.

She looks anywhere in the room, but not at him. She probably does not want him to see the hints of tears threatening the corners of her eyes. Her old hands fiddle nervously with the suede of the couch she is curled up on, but then she pushes her fine white hair out of her face, focusing first on the photographs on the fireplace, then on the faded red roses on the dining room table.

“What if I never remember?” she whispers, still fixated on the crimson flowers.

He bends his head towards her, demanding her attention. He knows she is talking about something else. With a worried expression, she looks towards him.

He smiles. “I’ll make you remember.”

*           *           *

It was raining so hard she could not even see the neighbour’s house. It was late afternoon, and it was quiet and warm in her house. She curled up on her white couch by the window, looking out at the sheets of water drowning her lawn.

She was twenty-three. College was over. Everyone was getting on with their lives, and she was as well. The new job in the big city was calling out to her. She would have to move to a fancy new apartment, and do fancy, adult things like having a mortgage and paying bills and going to work lunches. It was daunting, and it was exciting. But she would not have him.

He had his own life, his own path. He would move elsewhere. There were too many expectations, and she could not ask him to give up his dreams for her.

She took a sip of her coffee and continued looking outside.

Only there was a small silhouette amidst the rain, a dark figure that got larger and larger. It was running. She saw a flash of red. She saw swinging arms. She saw moving legs. And then she realized it was him. She ran to the door and banged it open.

“What are you -,”

But before she could even begin, he had bent a knee down on her porch. His clothes were soaking wet, and his hair had bunched into thin wet wisps and fallen over his eyes. In his hands he held a bouquet of red roses.

“What is this?” she asked. “You’ll catch a cold!”

“Please,” he said, breathing hard, “just take the flowers.”



<Go to Index Page>

She thought it was ridiculous. But she took the flowers from him, and noticed that one of the blooms was a bit different from the others. Something was inside its petals. She looked at him and he nodded at her.

And as she opened up the flower, she saw a ring.

Tears welled in her eyes as she looked down at him.

He looked up at her. “My life is worth nothing without you, Love.”

*   *   *

It was their last day in this house, this house that was built with so many memories, of tears and happiness and love. Soon they would move to a place where there were more people like them, where people went to spend their last days. It was a morose thought, so she put it away from her mind.

She stands by the fireplace, carefully placing the photographs from the mantel into large cardboard boxes.

“Do you think they’ll come visit us often?” she asks him. He continues working on his papers.

“Who, Love?” he says absentmindedly.

“David and…” she trails off. “The kids!” She clears her throat. “I mean the kids.”

He glances up from his desk and gives her a long hard look. She stares at him fearfully, and he can sense her soul shrinking away from him.

“David and who, Love?” he asks her. He can hear the anger in his voice, but it is not towards her. It is towards this slow death that permeates his wife, this nasty thing that steals her away from him.

“Stop it, please!” she says, fidgeting with the ring on her left hand. She puts the photo of their children back down on the mantel then picks it up again, breathing heavily.

He is frustrated at himself for not having more patience. He calms himself, and walks over to her to take the photo from her hands.

“David,” he says, carefully pointing to his son’s smiling face, and then he points to the young girl in a yellow sundress pushing him on a swing, “and Julia.”

She inhales, looking like she is about to cry, but he rests a hand on her shoulder, and she gives him a weary smile.

*   *   *

“Come on kids, count it down for me!” he shouted. There was a smattering of noise in the park, and the sun was shining brightly. She was thirty. She watched from the picnic they had set up on the grass, basking in the heat of summer. He was holding a large camera in his hands, trying to focus on the two giggling children on the swings, but they would not hold still. She smiled as she watched Julia tickle David, and the little boy laughed uncontrollably and loudly.

“Come on now, on the count of three!” he said, trying a second time. David's and Julia’s voices were shrill and sweet as they said “One, two, three, cheese!” as loud as they could, and she saw the flash from the camera go off.

He turned around to face her and grinned widely, and she could not help but mirror his expression.

*            *            *

The room was cold and clean and clinical. She blinked her eyes to look at her surroundings. Where was she? This was not their home. The bed did not dip in the center, like their old bed did. The pillows were too flat. She heard a whirring of machines, and saw a liquid bag hanging next to her. There was a monitor that emitted a beeping noise. A thin wire was attached to her arm. It was not bothering her, but she did not like it. The walls were white. The floor was white. She saw a big bouquet of flowers on her bedside. They were red roses.

She heard the sound of footsteps grow louder, and blinked towards the door. There was someone walking towards her. As he got closer, she started seeing someone else, someone she recognized but could not recall. Suddenly she saw a flash, of the school yard, and the autumn leaves, and his bomber jacket and perfect dark hair, his manly gait as he walked towards her. Then it left, and she saw an old man looking down at her. He had kind eyes, and was wearing glasses, and had very white hair.

“Excuse me, Sir,” she asked him politely, “could you please find my husband?”

He smiled at her, and reached down to stroke her hair. She wanted to move away from him, from this strange man who deigned to touch her, but something within her made her feel like it was alright. She looked at him questioningly, hoping for an answer.

He took her frail hand into both of his and looked deep into her eyes.

“Of course, Love. Anything for you.”



<Go to Index Page>

**The Crying Wolf**

Diya Chakraborti



**Chapter 1**

**The Crying Wolf - Brain Storm!**

Has this legend been found or not? Does someone know what powers it has? One day there was a shining light out in a cave where they believe is the place of the "Crying Wolf". Who knows if it is real or not? Whenever someone went they would never come back. One day the army of King Elenor decided to see what's really in the cave – that's where it all begins.

It was a really hot day – no water, very little food, and of course people were getting sick. They knew it was the perfect day for finding the mystery of the cave but what they did not know was if the sun was good or not. When the army was ready it was almost evening. They were rushing through the woods and big puddles, and when they finally reached the cave it looked like an ordinary cave but one thing was different – it was shaped like a dead wolf's head. It was very dark inside but the good thing was they had flashlights. The men went inside but suddenly they were fainting. It was so cold in that cave that people were also falling sick. Suddenly a dash of light struck their eyes and there they saw a wolf! They were pretty sure that was the "Crying Wolf" and they were RIGHT!

All the army threw bombs but they wouldn't explode. They noticed that the wolf was in a region of mist and smoke – but soon they saw a wire and followed it. It was a projector and that is when they realized that it was a fake wolf!

The end is just the beginning!!!

**Chapter 2**

**The Crying Wolf – The Truth about the Wolf**

There was a hole, lit up with a streak of sunlight and a shadow. The men were not sure what or who was there. The hole was very steep. They took out a ladder and was climbing down carefully when suddenly a light flashed in their eyes and there they saw a man cuddled in a corner and there were more than one – all scared! Then one soldier asked, "Why are you all here?" They did not reply but one man spoke up in a feeble voice and said, "We have been captured."

Suddenly, they heard footsteps – "WHO DARE TALK TO THESE PEOPLE?"

It was a tall man and the king recognized him immediately. They looked very alike too and the king said "BROTHER?"

"Yes" said the man.

“What do you want? Are you the one behind all of this?”

“Yes”, said the man. “The only reason I am doing all of this is because when we were young you always got the attention. You always got me in trouble. Now I am taking revenge. There’s no way to stop me. All these people will be soon dead.”

The brother took out the gun and there were gun shots everywhere. The men were all scared. The king took out his gun and ran towards the scared men. He shot at the direction from where the firing was coming but it was a futile attempt to save the captured men. Suddenly a gun shot hit him on his shoulder and he fell down on the ground. The soldiers ran from behind to save the king but it was too late!

The king’s brother was still firing at them but now the soldiers took control of the situation and started firing and closing in on the brother. They soon encircled him and he was finally captured!

When they brought down the King’s body to the city, all the people gathered around him! They were relieved that finally the mystery was over but they were sad they had lost a King who had a brave heart!



<Go to Index Page>

# Jokes for LIPIKA

Compiled by Shibu Pal

<u>In-prayer product positioning</u>

A very senior marketing director of Nestle worlwide (of Nescafe fame) manages to have a meeting with the Pope at the Vatican with the active assistance of yours truly, the Marketingpundit.com.

After receiving the Papal blessing, the Nestle (Nescafe) official whispers, "Your Eminence, I have some business to discuss. We at Nescafe have an offer for you. Nescafe is prepared to donate $100 million to the church if you change the Lord's Prayer from 'give us this day our daily bread' to 'give us this day our daily coffee'."
The Pope looks outraged and thunders, "That is impossible. The Prayer is the word of the Lord, It must not be changed".
"Well," says the Nescafe man somewhat chastened, "We anticipated your reluctance. For this reason, and the importance of the Lord's Prayer to all Catholics, we will increase our offer to $300 million. All we require is that you change the Lord's Prayer from 'Give us this day our daily bread' to 'Give us this day our daily coffee'."
Again, even more sternly, the Pope replies, "That, my son is impossible. For the prayer is the word of the Lord and it must not be changed."
Finally, the Nescafe director says, "Your Holiness, we at Nescafe respect your adherence to your faith, we realise that tradition is essential to your beliefs, we fully understand the importance of the word of the Lord ............. but we do have one final offer. Please discuss it with your cardinals. We will donate $500 million to the great Catholic church if you would only change the Lord's Prayer from 'Give us this day our daily bread' to 'give us this day our daily coffee'. Please, please consider it." And he leaves.

The next day the Pope convenes the College of Cardinals.
"There is some Good news", he announces.
He continues to a hushed assembly "And some bad news ...... the good news is, the Church will get $ 500 million".
"And what is the bad news, your Holiness?" asks a Cardinal.
"Sadly" says the Pope,

.
.
"We would have to lose the Britannia Account...... .............and take on with the Nestle!"

That's in-prayer product positioning.

*<u>Children Are Quick</u>*

---

TEACHER: Why are you late?
STUDENT: Class started before I got here.
TEACHER: John, why are you doing your math multiplication on the floor?
JOHN: You told me to do it without using tables.

---

TEACHER: Glenn, how do you spell 'crocodile?'
GLENN: K-R-O-K-O-D-I-A-L'
TEACHER: No, that's wrong
GLENN: Maybe it is wrong, but you asked me how I spell it.
(I Love this child)

---

TEACHER: Donald, what is the chemical formula for water?
DONALD: H I J K L M N O.
TEACHER: What are you talking about?
DONALD: Yesterday you said it's H to O.

---

TEACHER: Winnie, name one important thing we have today that we didn't have ten years ago.
WINNIE: Me!

---

TEACHER: Glen, why do you always get so dirty?
GLEN: Well, I'm a lot closer to the ground than you are.

---

TEACHER: Millie, give me a sentence starting with ' I. '
MILLIE: I is..
TEACHER: No, Millie..... Always say, 'I am.'
MILLIE: All right... 'I am the ninth letter of the alphabet.'

---

TEACHER: George Washington not only chopped down his father's cherry tree, but also admitted it.
Now, Louie, do you know why his father didn't punish him?
LOUIS: Because George still had the axe in his hand.....

---

TEACHER: Now, Simon, tell me frankly, do you say prayers before eating?
SIMON: No sir, I don't have to, my Mom is a good cook.

---

TEACHER: Clyde, your composition on 'My Dog' is exactly the same as your brother's..
Did you copy his?
CLYDE : No, sir. It's the same dog.

(I want to adopt this kid!!!)

---

TEACHER: Harold, what do you call a person who keeps on talking when people are no longer interested?
HAROLD: A teacher

---

*This Hotel in Shanghai looked pretty good on the internet, so we asked for a brochure in ENGLISH language & the same is here to keep you in splits!!*

**Getting There:**

**Our representative will make you wait at the airport. The hotel bus runs along the lake and you will feel pleasure in passing water. You will know the hotel is near, because you will go round the bend. The manager will have intercourse with all new guests.**

**The Hotel:**

**This is a family hotel, so adultery and children are welcome. Nurses are available in the evenings to put down your children. Guests are invited to conjugate in the bar and expose themselves to others.**

**But please note that ladies are not allowed to have their babies in the bar.**

**We organize social games, so no guest is ever left alone to play with himself.**

**Your Room:**
**Every room has excellent facilities for your private parts. In winter, every room is on heat. Each room has a balcony offering views of outstanding obscenity.**

**Please feel free to ring for the chambermaid and take advantage of her.**

**Hospitality:**
**When you leave us at the end of your holiday, you will struggle to forget it.**
**So guys, its time to pack your Bags and MOVE!**

# মাছের পোলাও

শীলা বিশ্বাস



ছোটবেলায় মায়ের কাছে অনেক রান্নার কথা শুনেছি। পূর্ববঙ্গে আমাদের ফেলে আসা বাড়ীর নানারকম রান্নার গল্প করতেন মা। প্রসঙ্গতঃ বলা যায় আমাদের আদি বাড়ী ছিল খুলনা জেলায় কপোতাক্ষ নদীর তীরে, জলপথে সুন্দরবন থেকে খুব বেশী দূরে নয়। নদীপ্রধান দেশ হওয়াতে মাছের প্রাচুর্য্য ছিল একথা বলাই বাহুল্য।

মায়ের মুখে শুনেছি, বাড়ীতে যখনই কোন উৎসব হোত, খাদ্যতালিকার মধ্যে পোলাও অবশ্যই থাকত। এই পোলাও-এর উপকরণ ও তৈরীর উপায় সম্বন্ধে শুনতে বেশ কৌতূহল বোধ করতাম। প্রথমতঃ পোলাও-এর জন্য পছন্দ করা হোত খুব ভাল জাতের সুগন্ধি চাল। চালের পরিমান প্রায় এক বছরের প্রয়োজন অনুসারে নেয়া হোত। সেই চাল ধুয়ে একটা নতুন কাচা লম্বা কাপড়ের উপর বিছিয়ে ঘরের মধ্যে ভাল করে শুকিয়ে নেয়া হোত। তারপর বড় পিতলের গামলাতে ঐ চালের সঙ্গে গাওয়া ঘি, নুন, চিনি, লঙ্কা, গরম মসলা, কিসমিস, পেস্তা, বাদাম, সা-জিরে, সা-মরিচ, জায়ফল, জয়িত্রী ইত্যাদি মিলিয়ে হাল্কা হাতে মাখা হোত। এ কাজ ছিল বাড়ীর মেয়েদের। তারপর চালভর্তি ঐ বড় গামলা দেয়া হোত বাড়ীর জোয়ান ছেলেদের হাতে। তারা দুহাতে গামলা ধরে ঝাঁকিয়ে ঝাঁকিয়ে ভাল করে মেশামেশি করে দিত। এই ভাবে পোলাও-এর চালটা তৈরী হোত। পিতল বা কাঁসার কলসী ভরে কাপড় দিয়ে তার মুখ আটকে রাখা হোত এই চাল।

আমাদের গ্রামে নিরামিষ পোলাওকে বলা হোত ঘি-ভাত; মাছ বা মাংস পড়লে তবেই তা হোত পোলাও। মাংসের পোলাও হওয়া ছিল বিরল ঘটনা। মাছের পোলাও মাঝে মাঝেই হোত। আমাদের কলকাতার বাড়ীতেও মা নানাপ্রকারের রান্নাবান্না, পিঠে পায়েস সবই নিজের হাতে করতেন ও প্রথানুযায়ী পুরানো আচার অনুষ্ঠান সবই বজায় রাখতেন। সেই স্বাদ ও স্মৃতি নিয়ে আধুনিক জীবনযাত্রার সঙ্গে একটা বোঝাপড়া করে আমার রান্না কিছুটা নতূন রূপ নিয়েছে। আজকের পোলাও-এর রন্ধনপ্রণালী এই রকম একটি সংস্করণ।

উপকরণ

১ - ভাল বাসমতি চাল, ২ কাপ
২ - স্যামন ফিলে (ছাল ছাড়ান) ৫০০/৬০০ গ্রাম এক ইঞ্চি চৌকো টুকরো
৩ - নুন, দেড় চা-চামচ (এক চামচ + আধ চামচ)
৪ - হলুদ, দেড় চা-চামচ (এক চামচ + আধ চামচ)
৫ - তেল (সাদা), আধ কাপ (দুভাগে ভাগ করে রাখুন)
৬ - মাখন, ২-৪ টেবিল-চামচ
৭ - চিনি, ২ চা-চামচ
৮ - গরম মসলা, ১ চা-চামচ (ছোট এলাচ, লবঙ্গ ও থেঁতো করা দারচিনি)
৯ - তেজপাতা, ৩/৪টা
১০ - কিসমিস, সিকি কাপ
১১ - পেস্তা ও বাদাম (almond) কুচি, ৪ চা-চামচ
১২ - জায়ফল গুঁড়ো, ১-২ গ্রাম
১৩ - লঙ্কা গুঁড়ো, পছন্দ মত
১৪ - জাফরাণ, এক চিমটে (২ চা-চামচ গরম দুধে ভিজানো)

প্রণালী

চাল ধুয়ে জল শুকিয়ে নিতে হবে। মাছের টুকরোগুলি ১ চা-চামচ নুন ও ১ চা-চামচ হলুদ মাখিয়ে সিকি কাপ তেলে ভেজে তুলে রাখতে হবে।

বড় একটি পাত্রে সিকি কাপ তেল গরম করে তেজপাতা ও গরম মসলা ফোড়ন দিয়ে তার মধ্যে চাল ও সাড়ে তিন কাপ জল দিয়ে ভাল করে ফোটাতে হবে। এবার বেশ করে নেড়ে অবশিষ্ট নুন ও হলুদ এবং অন্যান্য উপকরণগুলি সব পর পর দিয়ে হাল্কা করে মিশিয়ে উপরে মাছের টুকরোগুলি সাজিয়ে দিতে হবে। তারপর ঢাকা দিয়ে অল্প আঁচে ৫-৭ মিনিট রান্না হবে। এবার স্টোভ থেকে সরিয়ে নিয়ে ঢাকা খুলে মাছগুলিকে সাবধানে মিশিয়ে নিতে হবে। তারপর ঢাকা দিয়ে ১৫ মিনিট পরে পোলাও তৈরী।

# Delightful Recipes

Sharmistha Chatterjee



## 1. Matarshuti hinger Kochuri

Kochuri dough:
- 2.5 cups maida or all purpose flour
- 2 to 2.5 tbsp ghee or oil
- water as required
- salt as required

for the green peas stuffing:
- 1 cup fresh or frozen peas or matar
- 1-2 green chillies, chopped
- ½ inch ginger, chopped
- 1 tsp saunf pwd
- ¼ tsp red chili powder
- one or two tsp cilantro leaves paste
- a pinch of asafoetida or hing
- 1 to 1.5 tsp oil
- sugar as required
- salt as required
- oil for deep frying

1. in a bowl add the flour, salt and ghee or oil.
2. mix everything so as to incorporate the ghee or oil through the whole flour.
3. add water in intervals and knead to a smooth and soft dough.
4. cover the dough with a wet napkin and keep aside for 30-45 minutes at room temperature.
5. rinse the shelled or frozen peas.
6. take them in a blender.
7. grind to a semi coarse consistency without adding any water.
8. heat oil in a small pan.
9. on a low flame, add all the spice powders one by one - red chili powder, ginger, cilantro paste, saunf and asafoetida.
10. fry for 2-3 seconds.
11. then add the ground peas, sugar and salt.
12. saute for 3 minutes.
13. stir continuously.
14. take the stuffing in a bowl or plate and let it cool.



<Go to Index Page>

15. prepare small balls from the stuffing and keep aside.
16. before making the kochuris, heat oil for deep frying in a kadai or pan.
17. make lemon sized balls from the dough and cover with a wet kitchen napkin.
18. take one ball and flatten it with your palm.
19. apply some oil to it on both sides.
20. place the ball on the rolling board and roll to a 3 inches diameter circle.
21. keep the stuffing in the centre.
22. bring all the edges of the dough and press them together.
23. apply some more oil if required and roll the stuffed kochuri
24. gently drop the kochuri in the hot oil and fry till golden brown

## 2. Nolen gurer baked rosogolla

Rosogollas

Buy tin rosogolla 10(haldiram) or make it from scratch.

Ingrdients

Nolen gur melted half cup
2 litre Milk (half and half)

1/4 cup almond paste
Elaichi pwd pinch

Method
1.Squeeze out extra syrup from rosogollas and place them on a baking tray
2.Heat half and half and bring to boil and keep stirring till the milk is reduced to half.
3.Bring the mixture out of the flame ,add almond paste and allow it to cool
4.Meanwhile warm up the nolen gur and mix with the milk mixture till it becomes smooth .Check the sweetness, add sugar if extra sweetness is needed
5.Pour the mixture on top of the rosogollas in the baking tray. Add elaichi pwd
6.Bake at 250º C for 20 min till it becomes light brown on top.

# Dhupkathi – A Photographic Study

Yogadhish Das





A burning dhupkathi (incense stick) is an integral part of all pujas. I am always fascinated by the complex and mysterious shapes that rising smoke from a dhupkathi takes. Here are a few of my photos of smoke from a dhupkathi. The colours exist only in my imagination and were rendered electronically.













<Go to Index Page>

# শরৎ কালের রঙের খেলা

শীলা বিশ্বাস








<Go to Index Page>